



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ nhrc.bd@gmail.com

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/-২৩৯/১৩- ৯২

তারিখঃ ১০ মে ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

জনগণের চিকিৎসা পাওয়ার অধিকার লঙ্ঘিত হওয়ায় রীট মামলা দায়ের করবে কমিশন

আজ ১০ মে ২০২০ তারিখ সকাল ১১.৩০ টায় প্রথমবারের মত জাতীয় মানবাধিকার কমিশন অনলাইনে কমিশন সভার আয়োজন করে। করোনা ভাইরাসের প্রাদুর্ভাব রোধে সাধারণ ছুটি চলমান থাকায় কমিশনের নিয়মিত কার্যক্রম চালিয়ে যাওয়ার লক্ষ্যে অনলাইনে উক্ত সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম, এনডিসি। উপস্থিত ছিলেন সার্বক্ষণিক সদস্য ড. কামাল উদ্দিন আহমেদ; অবৈতনিক সদস্য ড. নমিতা হালদার, এনডিসি, জেসমিন আরা বেগম, মিজানুর রহমান খান, চিংকিউ রোয়াজা।

সভার শুরুতে করোনাকালীন সময়ে জনগণ চিকিৎসার অধিকার থেকে বঞ্চিত হচ্ছে মর্মে গণমাধ্যমে প্রকাশিত বিভিন্ন সংবাদের বিষয়ে আলোচনা করা হয়। বিশেষত সম্প্রতি রেবেকা সুলতানা চৌধুরী এবং অতিরিক্ত সচিব গৌতম আইচ সরকার একাধিক হাসপাতালে ঘুরে ঘুরে সন্তানের সামনে বিনা চিকিৎসায় মৃত্যুবরণ করেন যা অত্যন্ত বেদনাদায়ক এবং অমানবিক হিসেবে বর্ণনা করে সকলেই উক্ত ঘটনাসমূহের তীব্র নিন্দা জানান। জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করে সরকারের নির্দেশনা এবং বারবার কমিশনের সুপারিশ প্রেরণ সত্ত্বেও কোন কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির উদাসীনতা এবং দায়িত্বহীনতার কারণে চিকিৎসা সেবা নিশ্চিত না হওয়ায় কমিশন রীট মামলা দায়ের করবে মর্মে সিদ্ধান্ত হয়। এছাড়া, করোনাকালে নারী ও শিশুর প্রতি সহিংসতা বৃদ্ধি, আইন- শৃংখলা বাহিনী/ প্রশাসনের সদস্য কতক মানবাধিকার লংঘনের ঘটনাসমূহে কমিশনের বিভিন্ন পদক্ষেপ, ইউএনডিপির সহযোগিতায় হিউম্যান রাইটস প্রোগ্রামের প্রায় এক কোটি টাকায় দলিত ও অনগ্রসর, প্রতিবন্ধী এবং হিজড়া জনগোষ্ঠীর মধ্যে মোট ৮৪০০টি পরিবার এবং ১৫৭০ জন ব্যক্তিকে স্থানীয় প্রশাসনের সহায়তায় ত্রাণ বিতরণ, ২০২০-২১ অর্থবছরের বরাদ্দকৃত বাজেট বিভাজন সম্পর্কে সভায় আলোচনা হয়।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ